খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৩)

## কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত নীতিমালা

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তা শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | রেজিস্ট্রার ০১ (এক) টি | (৫৬,৫০০-৭৪,৪০০/-) (গ্রেড ০৩) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিসহ কমপক্ষে ১৬ (ষোল) বছরের প্রাতিষ্ঠানিক শিক্ষার অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত রেজিস্ট্রার/ সমস্কেলের/ সমমানের পদে (বর্তমানে মূল ৫০,০০০/- টাকা স্কেলে) ০৪ (চার) বছর বা উপ-রেজিস্ট্রার/সমস্কেলের/সমমানের পদে (বর্তমানে মূল ৪৩,০০০/- টাকা স্কেলে) ০৮ (আট) বছরসহ ১ম শ্রেণির পদে (বর্তমানে মূল ২২,০০০/- স্কেলে) মোট ১৬ (ষোল) বছর প্রশাসনে /শিক্ষা ব্যবস্থাপনায়/এমপিও ভুক্ত নূন্যতম ডিগ্রি কলেজ/স্বীকৃত ও প্রতিষ্ঠিত ডিগ্রি কলেজে শিক্ষকতায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত রেজিস্ট্রার/ সমস্কেলের/ সমমানের পদে ০৪ (চার) বছর বা উপ রেজিস্ট্রার/সমস্কেলের/ সমমানের পদে ০৮ (আট) বছরসহ ১ম শ্রেণি পদে/পদমর্যাদায় মোট ১৬ (ষোল) বছর প্রশাসনে/শিক্ষা ব্যবস্থাপনায়/ এমপিও ভুক্ত নূন্যতম ডিগ্রি কলেজ/স্বীকৃত ও প্রতিষ্ঠিত ডিগ্রি কলেজে শিক্ষকতায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উপ রেজিস্ট্রার / সমস্কেলের/ সমমানের পদে ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণির পদে/পদমর্যাদায় মোট ২০ (বিশ) বছর প্রশাসনে /শিক্ষা ব্যবস্থাপনায়/ এমপিও ভুক্ত নূন্যতম ডিগ্রি কলেজ/স্বীকৃত ও প্রতিষ্ঠিত ডিগ্রি কলেজে শিক্ষকতায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৫০ বছর। |
| ০২ | গ্রন্থাগারিক ০১ (এক) টি | (৫৬,৫০০-৭৪,৪০০/-) (গ্রেড ০৩) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিসহ ১৬ (ষোল) বছরের প্রাতিষ্ঠানিক শিক্ষার অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি /সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত গ্রন্থাগারিক/ সমস্কেলের/ সমমানের পদে (বর্তমান মূল ৫০,০০০/- টাকা স্কেলে) ০৪ (চার) বছর বা উপ গ্রন্থাগারিক সমস্কেলের/ সমমানের পদে (বর্তমান মূল ৪৩,০০০/- টাকা স্কেলে) ০৮ (আট) বছরসহ ১ম শ্রেণি পদে (বর্তমান মূল বেতন ২২,০০০/- স্কেলে) মোট ১৬ (ষোল) বছর গ্রন্থাগার সংক্রান্ত কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। অথবা প্রার্থীকে কোন সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত গ্রন্থাগারিক / সমস্কেলের/সমমানের পদে ০৪ (চার) বছর বা উপ গ্রন্থাগারিক / সমস্কেলের/ সমমানের পদে ০৮ (আট) বছরসহ ১ম শ্রেণি পদে/ পদমর্যাদায় মোট ১৭ (সতের) বছর গ্রন্থাগার সংক্রান্ত কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। অথবা প্রার্থীকে কোন সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উপ গ্রন্থাগারিক / সমস্কেলের/ সমমানের পদে ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণি পদে/ পদমর্যাদায় মোট ২০ (বিশ) বছর গ্রন্থাগার সংক্রান্ত কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৫০ বছর। |
| ০৩ | পরীক্ষা নিয়ন্ত্রক ০১ (এক) টি | (৫৬,৫০০-৭৪,৪০০/-) (গ্রেড ০৩) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক/ সমস্কেলের/ সমমানের পদে (বর্তমানে মূল ৫০,০০০/- টাকা স্কেলে) ০৪ (চার) বছর বা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/ সমস্কেলের/ সমমানের পদে (বর্তমানে মূল ৪৩,০০০/- টাকা স্কেলে) ০৮ (আট) বছরসহ ১ম শ্রেণির পদে(বর্তমানে মূল ২২,০০০/- টাকা স্কেলে) মোট ১৬ (ষোল) বছর পরীক্ষা নিয়ন্ত্রণ/ শিক্ষা ব্যবস্থাপনায়/ এমপিও ভুক্ত নূন্যতম ডিগ্রি কলেজ/স্বীকৃত ও প্রতিষ্ঠিত ডিগ্রি কলেজে শিক্ষকতায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে কোন সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক/ সমস্কেলের/ সমমানের পদে ০৪ (চার) বছর বা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক / সমস্কেলের/ সমমানের পদে ০৮ (আট) বছরসহ ১ম শ্রেণির পদে/পদমর্যাদায় মোট ১৭ (সতের) বছর পরীক্ষা নিয়ন্ত্রণ/শিক্ষা ব্যবস্থাপনায়/ এমপিও ভুক্ত নূন্যতম ডিগ্রি কলেজ/স্বীকৃত ও প্রতিষ্ঠিত ডিগ্রি কলেজে শিক্ষকতায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে কোন সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/ সমস্কেলের/ সমমানের পদে ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণির পদে/ পদমর্যাদায় মোট ২০ (বিশ) বছর পরীক্ষা নিয়ন্ত্রণ/শিক্ষা ব্যবস্থাপনায়/ এমপিও ভুক্ত নূন্যতম ডিগ্রি কলেজ/স্বীকৃত ও প্রতিষ্ঠিত ডিগ্রি কলেজে শিক্ষকতায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৫০ বছর।<br>দ্রষ্টব্য : শিক্ষা ব্যবস্থাপনা বলতে শিক্ষা মন্ত্রণালয়ের বা তার অধীনস্থ দপ্তর/অধিদপ্তরে পরীক্ষা সংক্রান্ত কাজ/স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড-এ পরীক্ষা সংক্রান্ত কাজকে বুঝাবে। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ০১ (এক) টি | (৪৩,০০০-৬৯,৮৫০/-) (গ্রেড ০৫) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশল/পরিকল্পনা/স্থাপত্য /অর্থনীতি/ডেভেলপমেন্ট স্টাডিজ-এ কমপক্ষে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি /সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/ সমস্কেলের/ সমমানের পদে (বর্তমান মূল ২৯,০০০/- টাকা স্কেলে) ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণি পদে (বর্তমান মূল বেতন ২২,০০০/- স্কেলে) মোট ০৮ (আট) বছর পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৪৮ বছর। |
| ০৫ | নির্বাহী প্রকৌশলী ০১ (এক) টি | (৩৫,৫০০-৬৭,০১০/-) (গ্রেড ০৬) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশল (যেমন, যন্ত্রকৌশল/ অটোমোবাইল বা সংশ্লিষ্ট বিষয়) এ কমপক্ষে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী/সমস্কেলের/ সমমানের পদে (বর্তমান মূল বেতন ২২,০০০/- টাকা স্কেলে) ০৪ (চার) বছর প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৪২ বছর।<br>অথবা<br>প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ পলিটেকনিক ইনস্টিটিউট থেকে প্রকৌশল (যেমন, যন্ত্রকৌশল/অটোমোবাইল বা সংশ্লিষ্ট বিষয়) এ কমপক্ষে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/আইসিটি প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী/সমমানের ১ম শ্রেণির পদে (বর্তমান মূল বেতন ২২,০০০/- স্কেলে)/পদমর্যাদায় ০৬ (ছয়) প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৪২ বছর। |
| ০৬ | মেডিকেল অফিসার ০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড-০৯) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে এমবিবিএস (পাঁচ বছর) বিডিএস (চার বছর) সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৭ | সেকশন অফিসার ০৫ (পাঁচ) টি | (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড-০৯) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৮ | সহকারী বাজেট অফিসার ০১ (এক) টি | (১৬,০০০-৩৮,৬৪০/-) (গ্রেড-১০) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্যে কমপক্ষে স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে কমপক্ষে ০১ (এক) টি ১ম বিভাগ/শ্রেণি/সমগ্রেড (জিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ এবং জিপিএ ৫ এর মধ্যে ৩.৫০) থাকতে হবে। শিক্ষাজীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমগ্রেড গ্রহণযোগ্য নয়। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৯ | এ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার ০১ (এক) টি | (১৬,০০০-৩৮,৬৪০/-) (গ্রেড-১০) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ /শ্রেণি/ সমগ্রেড থাকতে হবে। উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৪ ইঞ্চি এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১০ | উপ-সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল) ০১ (এক) টি | (১৬,০০০-৩৮,৬৪০/-) (গ্রেড-১০) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/পলিটেকনিক ইনস্টিটিউট থেকে তড়িৎ কৌশল-এ কমপক্ষে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |

নিয়মাবলী ঃ

১। আবেদন অনলাইনে (Online) করতে হবে এবং পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত; প্রয়োজনীয় (০৫ নং শর্তে চাহিত) কাগজ-পত্রাদিসহ ১০ (দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর ডাকযোগে/সরাসরি হার্ডকপি প্রেরণ করতে হবে। উল্লেখ্য, অনলাইন আবেদনের সাথে ক্রমিক নং ১-৩ নং পদের জন্য ৯৫০/- (নয়শত পঞ্চাশ) টাকা, ক্রমিক নং ৪-৭ নং পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা এবং ক্রমিক নং ০৮-১০ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা অনলাইনে মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পেমেন্ট করতে হবে। অনলাইন (Online) আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য নয়।

২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে স্নাতকোত্তর ও স্নাতক ডিগ্রি নিম্নরূপে সমমান বিবেচিত হবে-
স্নাতকোত্তর /সমমান = ৪ বছর মেয়াদী স্নাতক = ৩ বছর মেয়াদী স্নাতক + ১ বছর মেয়াদী স্নাতকোত্তর = ২ বছর মেয়াদী স্নাতক + ২ বছর মেয়াদী স্নাতকোত্তর । অর্থাৎ কমপক্ষে ১৬ বছরের প্রাতিষ্ঠানিক ডিগ্রি। স্নাতক /সমমান = ৪ বছরের কম যে কোন স্নাতক ডিগ্রি।

৪। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক /সমমান ও স্নাতকোত্তর /সমমানের ডিগ্রির বিভাগ/শ্রেণি/গ্রেড নিম্নরূপে সমমান বিবেচিত হবে -
সাধারণ - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.২৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.৫০ (৫.০০ স্কেলে)। কলা ও মানবিক - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.২৫ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.২৫ (৫.০০ স্কেলে)।

৫। **প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-**

ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি

খ) জাতীয় পরিচয়পত্র/নাগরিক সনদের সত্যায়িত ফটোকপি

গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১০ (দশ) কপি সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)

ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অনলাইনে জমাকৃত পেমেন্ট স্লিপ

৬। **এই নীতিমালায় কর্মকর্তা হিসেবে প্রতিটি পদে নিয়োগের ক্ষেত্রে খুলনা বিশ্ববিদ্যালয়ে ০৫ (পাঁচ) বছর বা তদুর্দ্ধ সময় পর্যন্ত কর্মরতদের** শিক্ষাগত যোগ্যতা (কেবল বিভাগ/শ্রেণি/গ্রেড) এবং বয়স শিথিলযোগ্য।

৭। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৮। খুলনা বিশ্ববিদ্যালয়ে কর্মরত অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের উপরোক্ত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

৯। কোন চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে যে কোন মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হয় তখন তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থী কোন ধরণের শাস্তিপ্রাপ্ত কি না তা একটি কলামে সংযোজন করতে হবে।

১০। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

১১। ক্রমিক ০৪ নং পদে গত ১২-১১-২০২৫ তারিখ, ০৫ নং পদে ২৯-০৪-২০২৪ ও ১২-১১-২৫ তারিখ, ০৬ নং পদে ১২-১১-২৫ তারিখ, ০৭ নং পদে ২৯/০৪/২৪, ১০/০৭/২৪, ১২/১১/২৫ তারিখ ও ১০ নং পদে ২৯-০৪-২০২৪ তারিখ যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১২। আবেদনপত্র আগামী ০৬-০৫-২০২৬ থেকে ২০-০৫-২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।

১৩। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত
**(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
E-mail: registrar@ku.ac.bd